

# প্রোফাইল



নৌ-পরিবহন মন্ত্রণালয়ে কর্মরত বেগম সিরাত মাহমুদা বিসিএস (ইকনমিক) ক্যাডারের ২৫ তম ব্যাচের একজন কর্মকর্তা। তিনি ১৯৭৯ সালে ঢাকা জেলার কোতয়ালি থানাধীন এলাকায় জন্মগ্রহণ করেন। তিনি উদয়ন বিদ্যালয় হতে ১৯৯৪ সালে মাধ্যমিক ও ১৯৯৬ সালে উচ্চ মাধ্যমিক পরীক্ষা পাস করেন। তিনি ২০০৪ সালে বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় (বুয়েট) হতে নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগে ব্যাচেলর ডিগ্রী অর্জন করেন। পরবর্তীতে ২০১৩ সালে তিনি AusAID স্কলারশিপ নিয়ে অস্ট্রেলিয়ার

ANU তে Environmental Management and Development বিষয়ে মাস্টার্স ডিগ্রী অর্জন করেন।

বেগম সিরাত মাহমুদা পরিকল্পনা মন্ত্রণালয়ের আওতায় বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগে তার কর্ম জীবন শুরু করেন। সেখানে তিনি বার্ষিক উন্নয়ন কর্মসূচির বাস্তবায়ন অগ্রগতি সংক্রান্ত বার্ষিক প্রতিবেদন প্রণয়ন, প্রকল্প পরিদর্শন ও মূল্যায়ন এবং সমন্বয় সংশ্লিষ্ট কাজ করেছেন। এরপর তিনি বিভিন্ন লাইন মন্ত্রণালয়ে পরিকল্পনা অনুবিভাগে উন্নয়ন প্রকল্প প্রণয়ন, অনুমোদন প্রক্রিয়াকরণ, সংশোধন, বাস্তবায়ন পরিবীক্ষণসহ উন্নয়ন সহযোগীদের সাথে সমন্বয় ও নেগোসিয়েশন ইত্যাদি কাজে অভিজ্ঞতা অর্জন করেছেন। তিনি যথাক্রমে শিল্প মন্ত্রণালয়, শিক্ষা মন্ত্রণালয় ও নৌ-পরিবহন মন্ত্রণালয়ে কাজ করেছেন।

এর মাঝে তিনি Australian Development Scholarship (Australian Leadership Award) নিয়ে ২০১২-২০১৩ সালে অস্ট্রেলিয়াতে মাস্টার ডিগ্রী অর্জন করেছেন। এ সময়ে তিনি অস্ট্রেলিয়াতে Leadership Programme এর আওতায় কনফারেন্স/ওয়ার্কশপসহ লীডারশিপ কোর্সিং মডিউলে অংশগ্রহণ করেছেন। অস্ট্রেলিয়া থেকে ফিরে তিনি জানুয়ারি ২০১৪ তে নৌ-পরিবহন মন্ত্রণালয়ে সহকারী প্রধান হিসেবে যোগদান করেন এবং ২০১৫ সালে তিনি সিনিয়র সহকারী প্রধান পদে পদোন্নতি প্রাপ্ত হন।

বিভিন্ন সময়ে সরকারী সফরে তিনি সিঙ্গাপুর, ডেনমার্ক, শ্রীলংকা, ভিয়েতনাম ও কম্বোডিয়া ভ্রমণ করেছেন।

বেগম সিরাত মাহমুদা বিবাহিত এবং দুটি কন্যা সন্তানের জনক। তার স্বামীর নাম জনাব মোঃ আব্দুল বারী।